

ব্যবধান

অনঙ্গমোহন বন্দ্যোপাধ্যায়

আজিকে দেখালে মোরে কি রূপ তোমার
পরাণ-পাগল-করা, অঁাখি মূদা ভার ।
কতদিন কতবার নিমেষে নিমেষে
তোমাৱে হেৱেছি সেই পুৱাতন বশে,—
আজ তুমি কেন হেন অভিনব সাজে,
এলে তুমি মোর দ্বাৱে ? মোর হিয়ামাঝে ?
যতই বুঝিতে চাই তোমাৱি এ খেলা,
তুমি শুধু হাস চেয়ে, বয়ে যায় বেলা ।
কোথায় লুকান ছিল এ অপূৰ্ব্ব আলো ?
আর একবাৱ তুমি দয়া ক'ৱে জ্বাল'
মরণ ঘনায়ে আসে, আর একবাৱ
রূপেৱ বিকাশ কৱ ওগো রূপাধীৱ !
অত আলো অত রূপ আৱ কোথা পাব ?
তোমাৱ মন্দিৱ ছাড়ি' আৱ নাহি যাব ।